

রূপপুরের রুশ প্রকৌশলীর অসুস্থতার মৃত্যুকে গুপ্তহত্যা বলে প্রচার

রূপপুরে রুশ প্রকৌশলের 'গুপ্তহত্যার' দাবীটি ভিত্তিহীন

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ও এক্স - এ (X) এ দাবি করা হয় " রূপপুরে কর্মরত আরেকজন রুশ প্রকৌশলীকে গুপ্ত হত্যা" [দেখুন](#) ,[দেখুন](#)

দ্য ডিসেন্ট যাচাইয়ে দেখা গেছে, দাবিটি সত্য নয়।

গত ১ মে ২০২৬ (শুক্রবার) সন্ধ্যায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে প্রকল্পের গ্রিন সিটি আবাসিক এলাকার ব্যায়ামগারে শরীরচর্চা করার সময় রুশ প্রকৌশলী চুরকিন ব্লাদিমির হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। পরবর্তীতে তাকে ঈশ্বরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। দেখুন [এখানে](#) ,[এখানে](#) [এখানে](#),

এই বিষয়ে ঈশ্বরদী থানার সাব ইন্সপেক্টর মাহবুব বলেন, কোন গুপ্ত হত্যা না ওনি ২৪ বছর বয়স ওনি জিম করতে গেছে। জিম করতে যেয়ে হার্ট অ্যাটাকে করছে। হার্টফেল করার পরে সে ওখানে পড়ে যায়। ওখানকার রাশিয়ান যে ডাক্তার আছে তারা দেখছে। তাকে দেখার পরে তাকে উন্নত চিকিৎসার জন্য ঈশ্বরদী হাসপাতালে নেয় তখন তাকে মৃত ঘোষণা করে।

"অর্থাৎ, আলোচিত মৃত্যুটি কোনো গুপ্তহত্যা নয়; বরং হার্ট অ্যাটাকে আক্রান্ত হয়ে একটি আকস্মিক মৃত্যু। যথাযথ তদন্ত ও চিকিৎসা প্রতিবেদন অনুযায়ী, এটি একটি স্বাভাবিক মৃত্যু যা সম্পূর্ণ ভিন্নভাবে প্রচার করা হয়েছে।"